



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সোনালী ব্যাংক পিএলসির অনলাইন সেবা কার্যক্রমের উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য চালু হয়েছে সোনালী ব্যাংক পিএলসির অনলাইন সেবা। এর ফলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এখন থেকে দেশের যে কোন প্রান্তে বসে অনলাইনের মাধ্যমে তাদের যাবতীয় ফি ও সকল ধরনের চার্জ প্রদান করতে পারবেন। ৩০ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাস কনফারেন্স হলে এক অনুষ্ঠানের মাধ্যমে এ সেবা কার্যক্রমের উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড.মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম, সোনালী ব্যাংক পিএলসির বরিশাল অফিসের জেনারেল ম্যানেজার গোপাল চন্দ্র গোলদার এবং ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ শাহ আলম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. মোঃ আব্দুল কাইউম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল এবং অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক (গ্রেড-৪) সুব্রত কুমার বাহাদুর। সোনালী ব্যাংক পিএলসি বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার ম্যানেজার ড. দীপু রানী ভৌমিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধান, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সোনালী ব্যাংক পিএলসির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
বরিশাল বিশ্ববিদ্যালয়ের